

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
নিয়োগ ও প্রশিক্ষণ শাখা
ঢাকা

নং-এডি-পিএন্ডও-৯০১/৭০৬

তারিখঃ ১১ সেপ্টেম্বর ২০১৭

পরিপত্র

বিষয়ঃ Japanese Grant Aid for Human Resource Development Scholarship (JDS)-এর ১৭তম ব্যাচের জন্য আবেদন প্রসঙ্গে।

জাপানের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে মাস্টার্স প্রোগ্রামে অংশগ্রহণে আগ্রহী বিসিএস ক্যাডারভুক্ত কর্মকর্তা এবং বাংলাদেশ ব্যাংকের প্রথম শ্রেণির কর্মকর্তাদের মধ্য হতে উনুক্ত প্রতিযোগিতার মাধ্যমে প্রার্থী বাছাইয়ের নিমিত্ত **Japanese Grant Aid for Human Resource Development Scholarship (JDS)-এর ১৭তম ব্যাচের জন্য আবেদন আহবান করা হয়েছে।**

০২। নিম্নবর্ণিত যোগ্যতাসম্পন্ন কর্মকর্তাগণ উক্ত শিক্ষাবৃত্তিতে অংশগ্রহণের জন্য আবেদন করতে পারবেনঃ

- ক) যে সকল কর্মকর্তার বয়স ০১/০৪/২০১৮ইং তারিখে ৪০ বছরের কম;
- খ) যাদের চাকরি স্থায়ী হয়েছে এবং যাদের কমপক্ষে ০২ (দুই) বছরের কর্ম অভিজ্ঞতা রয়েছে;
- গ) শিক্ষা জীবনে কমপক্ষে ২টি প্রথম শ্রেণী/বিভাগ বা সমমানের রয়েছে এবং কোন তৃতীয় শ্রেণী নেই;
- ঘ) ইতঃপূর্বে যে সকল কর্মকর্তা প্রেষণে বা শিক্ষাছুটিতে বিদেশে মাস্টার্স ডিগ্রী সম্পন্ন করেছেন তাঁদের এ কোর্সে আবেদন করার প্রয়োজন নেই;
- ঙ) জাপান সরকার চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীদের বিমানভাড়া, টিউশন ফি, মাসিক ভাতা ইত্যাদি প্রদান করবে;

০৩। উক্ত প্রোগ্রামে অংশগ্রহণে আগ্রহী পররাষ্ট্র মন্ত্রণালয়ের যোগ্য কর্মকর্তাগণ মন্ত্রণালয়ের অনুমতি সাপেক্ষে আবেদন করতে পারবেন। আগ্রহী কর্মকর্তাগণকে ১৭ সেপ্টেম্বর ২০১৭ তারিখের মধ্যে নিয়োগ ও প্রশিক্ষণ শাখা বরাবর আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

০৪। আবেদন ফরম ও ফরম পূরণের নির্দেশিকা এবং শিক্ষাবৃত্তি সংক্রান্ত অন্যান্য সকল তথ্যাবলী নিম্নোক্ত ওয়েবসাইটে পাওয়া যাবেঃ

<http://jds-scholarship.org>

Amit Alam 11/09/17
(শাহ মোঃ আশরাফুল আলম মোহন)
সহকারী সচিব (নিয়োগ ও প্রশিক্ষণ)
টেলিফোনঃ ৯৫৫৫৩২০

বিতরণঃ

০১। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। পরিচালক (সংস্থাপন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।